

# রাবিতে ক্লাস শুরু হচ্ছে রবিবার

রাবি প্রতিনিধি

০৫ সেপ্টেম্বর,  
২০২৪ ০৩:৪৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ক্লাস-পরীক্ষাসহ একাডেমিক কার্যক্রম শুরু হতে যাচ্ছে আগামী রবিবার (৮ আগস্ট)।

গত মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক অবায়দুর রহমান প্রামাণিকের সভাপতিত্বে বিভিন্ন

অনুষদের ডিনদের নিয়ে অনুষ্ঠিত বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিদ্ধান্তের বিষয়টি নিশ্চিত করেছেন কোষাধ্যক্ষ অধ্যাপক অবায়দুর রহমান প্রামাণিক।

অনুষ্ঠিত বৈঠকে ক্লাস শুরুর সিদ্ধান্তের পাশাপাশি আরো তিনটি সিদ্ধান্ত নেওয়া হয়।

গৃহীত অন্য তিনটি সিদ্ধান্ত হলো—ভারপ্রাপ্ত রেজিস্ট্রার পদত্যাগ করায় প্রশাসনিক কার্যক্রম সচল রাখতে অতিরিক্ত রেজিস্ট্রার শেখ সাদ আহমেদকে রেজিস্ট্রারের চলতি দায়িত্ব দেওয়া, বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষের স্থগিত ভর্তি কার্যক্রম সম্পন্ন করে শিগগিরই ক্লাস শুরু করা এবং পরীক্ষা নিয়ন্ত্রক পদত্যাগ করায় জ্যেষ্ঠতার ভিত্তিতে একজনের নাম প্রস্তাব করা হয়েছে।

এর আগে, গত ১ জুলাই থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা সর্বজনীন পেনশনের আওতায় প্রত্যয় স্কিম বাতিলের দাবিতে সর্বাত্মক কর্মবিরতি পালন করেন। এর দুই দিন পর থেকে কোটা পদ্ধতি সংস্কার আন্দোলনে উত্তাল হয়ে ওঠে ক্যাম্পাস। এতে বিশ্ববিদ্যালয় খোলা থাকলেও ক্লাস-পরীক্ষা বন্ধ থাকে।

এমন পরিস্থিতিতে ভর্তি কার্যক্রম ও ক্লাস অনিদিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করা হয়। এরপর ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রফেসর, বিভিন্ন হলের প্রাধ্যক্ষসহ বর্তমান প্রশাসনের অন্তত ৭৯ কর্মকর্তা পদত্যাগ করেন।